**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সাত বছরে রাজ্য সরকার ডাই-ইন-হারনেস সহ বিভিন্ন ক্ষেত্রে ১৯ হাজার ৭৪২ জনকে নিয়মিত বেতনক্রমে চাকুরী প্রদান করেছে।**

**(২) পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে আগামীদিনে সরকারী প্রতিষ্ঠানে কাজকর্ম অনেক সহজ হবে।**

**(৩) কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনা অনুমোদন করেছে।**

**(৪) উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে ।**

*******************************************

**CM-Muktadhara :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন জোট সরকার ক্ষমতায় আসার পর থেকে গত পয়লা জুলাই পর্যন্ত সাত বছরে রাজ্য সরকার ডাই-ইন-হারনেস সহ বিভিন্ন ক্ষেত্রে ১৯ হাজার ৭৪২ জনকে নিয়মিত বেতনক্রমে চাকুরী প্রদান করেছে। আজ আগরতলার মুক্তধারা প্রেক্ষাগৃহে টি.পি.এস.সি-র মাধ্যমে পূর্তদপ্তরে নিযুক্তিপ্রাপ্ত বিভিন্ন স্তরের প্রকৌশলীদের নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, কর্মচারীরা হচ্ছে ভবিষ্যৎ গড়ে তোলার কারিগর। নবনিযুক্ত প্রকৌশলীদের নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেন। তিনি বলেন, বর্তমান যুগ, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর যুগ। বর্তমানে প্রযুক্তির যেভাবে অগ্রগতি হচ্ছে তার সঙ্গে পাল্লা দিয়ে সবাইকে

কাজ করতে হবে। মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য সরকার প্রধানমন্ত্রীর আদর্শে অনুপ্রাণিত হয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী সবসময় স্বচ্ছ, নিরপেক্ষ প্রশাসনের উপর বিশেষ গুরুত্ব দিয়ে থাকেন।

########Byte-CM########

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। আজ মোট ১৮৪ জনকে নিয়োগ পত্র প্রদান করা হয়।

****************************

**Statistics Minister :**

পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে আগামীদিনে সরকারী প্রতিষ্ঠানে কাজকর্ম অনেক সহজ হবে। বর্তমানে এআই-এর গুরুত্ব প্রত্যেক ক্ষেত্রেই বেড়ে চলেছে। আজ অর্থ ও পরিসংখ্যান দপ্তরের উদ্যোগে 'জেনারেটিভ এ আই ফর ইমপেক্টঃ স্মার্ট টুলস ফর স্মার্টার গভর্নেস' শীর্ষক তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি পরিসংখ্যানের ক্ষেত্রে এআই-এর গুরুত্বপূর্ণ ভূমিকার উপর আলোকপাত করেন।

অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিসংখ্যান বিভাগের মহানির্দেশক, এন কে সন্তোষী বলেন, ত্রিপুরা ছোট রাজ্য হলেও প্রযুক্তির দিক দিয়ে সফলতার সঙ্গে এগিয়ে চলেছে। এআই-কে কাজে লাগিয়ে কীভাবে সর্বক্ষেত্রে কাজ সহজভাবে করা সম্ভব হবে সে বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান দপ্তরের সচিব অভিষেক চন্দ্রা এবং অধিকর্তা ডি রিয়াং।

***************************

**Sudhanshu Das Visit :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে মহারাজগঞ্জ বাজারে আধুনিক মৎস্য বাজার নির্মান করা হবে। এতে ব্যয়

হবে প্রায় ৩৫ কোটি টাকা। আজ মহারাজগঞ্জ বাজারে মৎস্য বাজার এলাকা পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের একথা জানান।

***************************

**11 YEARS OF FISHERIES AND AQUACULTURE :**

দেশের মৎস্যচাষীদের সার্বিক মানোন্নয়নে বিপুল পদক্ষেপের নজির স্থাপিত হয়েছে। এরসঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে মাছের উৎপাদন। ২০১৪ থেকে ২০২৫ –এই ১১ বছরের পরিসংখ্যানে ১০৪% বৃদ্ধি বিশেষ উল্লেখের দাবি রাখে। একটি প্রতিবেদন।

#######VC######

**************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ বলেছেন, স্মার্ট মিটার ব্যবহার করে মিটার রিডারের মাধ্যমে বিদ্যুৎ বিল জালিয়াতির ঘটনায় রাজ্য বিদ্যুৎ নিগম কড়া পদক্ষেপ নিয়েছে। এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তিনি জানান, এই জালিয়াতির ঘটনায় যারা দোষী সাব্যস্ত হবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। তিনি জানান, গত কয়েকদিনে স্মার্ট মিটার নিয়ে কিছু অভিযোগ পাওয়া গেছে। সেগুলি সুরাহার জন্য একটি বিশেষ টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। স্মার্ট মিটার নিয়ে গ্রাহকরা যাতে কোনো ধরনের সমস্যা না পড়েন তারজন্য বিদ্যুৎ নিগম সচেষ্ট হয়েছে।

********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Cabinet decision :**

কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী ধন-ধান্য কৃষি যোজনা অনুমোদন করেছে। এই প্রকল্পের লক্ষ্য হল ফসলের বৈচিত্র্য এবং সুস্থায়ী কৃষি পদ্ধতি বৃদ্ধি করা, ফসল কাটার পর সংরক্ষণ ব্যবস্থা বৃদ্ধি করা, সেচ সুবিধা উন্নত করা এবং ঋণের সহজলভ্যতা সহজতর করা।

মন্ত্রিসভার বৈঠকের পর আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, এই প্রকল্পের আওতায় দেশের ১০০টি জেলা চিহ্নিত করা হবে, যা কম উৎপাদনশীলতা, কম ফসল এবং কম ঋণ বিতরণ এই তিনটি মূল সূচকের উপর ভিত্তি করে তৈরি হবে। তিনি বলেন, এগারোটি বিভাগের ৩৬টি বিদ্যমান প্রকল্প এবং অন্যান্য রাজ্য প্রকল্পের সমন্বয়ের মাধ্যমে এই প্রকল্পটি বাস্তবায়িত করা হবে। শ্রী বৈষ্ণো বলেন, এই প্রকল্পটি দেশের এক কোটি ৭০ লক্ষ কৃষককে সাহায্য করবে।

মন্ত্রী আরও জানান পুনর্নবীকরণযোগ্য জ্বালানিতে এনটিপিসিকে ২০ হাজার কোটি টাকা পর্যন্ত বিনিয়োগের অনুমতি দিয়েছে সরকার। শ্রী বৈষ্ণো উল্লেখ করেন যে ভারত সবুজ জ্বালানি ক্ষমতার ৫০ শতাংশের মাইলফলক অতিক্রম করেছে।

*********************************************

**All Party Meeting :**

সংসদের বর্ষাকালীন অধিবেশনের আগে আগামী রবিবার সরকার একটি সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে, সংসদের উভয় কক্ষের সুষ্ঠু কার্যকারিতা নিশ্চিত করার জন্য সরকার সকল রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। উল্লেখ্য, বর্ষাকালীন অধিবেশন এই মাসের ২১ তারিখ থেকে আগামী মাসের ২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। অধিবেশনে, বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন করার কথা রয়েছে।

*****************************

**Cabinet–Shubhanshu's space mission :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা মহাকাশচারী শুভাংশু শুক্লার মহাকাশ যাত্রাকে স্বাগত জানিয়ে একটি প্রস্তাব গ্রহণ করেছে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা, সমগ্র বিজ্ঞানী ও প্রকৌশলী, যাদের নিরলস প্রচেষ্টায় এই অর্জন সম্ভব হয়েছে মন্ত্রীসভা তাদের প্রশংসা করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ সাংবাদিকদের বলেন, শুভাংশু শুক্লার মহাকাশ অভিযান ভারতকে নিজস্ব মহাকাশ স্টেশন তৈরির পথে আরও এক ধাপ এগিয়ে নিয়ে গেছে। তিনি বলেন, এই সফল অভিযান মহাকাশ অনুসন্ধানে ভারতের বিশ্বব্যাপী অবস্থানকে উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে। তিনি বলেন, এটি ভারতের নিজস্ব মানব মহাকাশযানের উচ্চাকাঙ্ক্ষার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যার মধ্যে রয়েছে গগনযান এবং ভারতীয় অন্তরীক্ষ স্টেশন। শ্রী বৈষ্ণো উল্লেখ করেন যে শুভাংশু মহাকাশে যেসব বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করেছেন, সেসব বিজ্ঞানের বিশ্বব্যাপী ধারণাকে আরও গভীর করবে এবং ভারতের ভবিষ্যতের মিশনের জন্য গুরুত্বপূর্ণ ফলাফল প্রদান করবে।

*****************************

**Kishori Utkarsha Mancha :**

উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ অনুষ্ঠান আজ থেকে ধর্মনগরে শুরু হয়েছে। জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা

জিলা পরিষদের সহকারি সভাধিপতি ভবতোষ দাস। জেলার মোট ২৮টি উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীগণ দু'দিনব্যাপী অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে। নাটক, বিতর্ক, ক্যুইজ, গোল টেবিল বৈঠক, যোগা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি কর্মসূচি রয়েছে দু'দিনব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চের অনুষ্ঠানে।

**************************

**Review Meeting :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণের পৌরহিত্যে আজ মহাকরণে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ত্রিস্তর পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়।

*************************

**Food Festival-Belonia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়াম প্রাঙ্গনে দুইদিন ব্যাপী খাদ্য উৎসবের উদ্বোধন করেন। তিনি এই ধরনের খাদ্য উৎসব মহকুমা এবং ব্লক স্তরে আয়োজন করার জন্য জেলা শাসককে পরামর্শ দেন। উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, স্বপ্না মজুমদার, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। দক্ষতা উন্নয়ন দপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্তরা এই উৎসবে ২০টি খাবারের স্টল খুলেছে।

*******************************

**ADC-CEO :**

এডিসি-র প্রাক্তন মুখ্য নির্বাহী আধিকারিক সি. কে জমাতিয়া আজ খুমুলুং-এ সাংবাদিক সম্মেলনে জানান, চলতি অর্থ বছরের জন্য এডিসি ১ হাজার ৮৪০ কোটি ৭৫ লক্ষ টাকা বাজেট ধার্য্য করেছিল। তার মধ্যে রাজ্য সরকার ৮৬০ কোটি ২৮ লক্ষ ২৫ হাজার টাকা বাজেট অনুমোদন করে। রাজ্য সরকার গত ১৫ই জুলাই পর্যন্ত এডিসি-কে বাজেট বরাদ্দের ৩০৭

কোটি ৮ লক্ষ ৮৪ হাজার টাকা দিয়েছে। এরফলে রাজ্য সরকারের কাছে এডিসি-র পাওনা রয়েছে ৪৩০ কোটি ১৪ লক্ষ ১২ হাজার ৫০০ টাকা।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব কয়টি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে ৫টা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ০.৬ মিলিমিটার।

****************************